ঝিনাইদহে জাসদের ৫০তম প্রতিষ্ঠা বার্ষিকী ও সূবর্ণজয়ন্তী পালিত

ঝিনাইদহে জাসদের ৫০তম প্রতিষ্ঠা বার্ষিকী ও সূবর্ণজয়ন্তী পালন করা হয়েছে। সোমবার জেলা জাসদের উদ্যোগে বিকাল ৪টায় শহরের পুরাতন ডিসিকোর্ট চত্ত্বর থেকে দলের বর্ণাঢ্য র্যালি বের হয়ে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিন করে পোস্ট অফিসের মোড়ে প্রতিষ্ঠা বার্ষিকীর সমাবেশ অনুষ্ঠিত হয়।

জেলা জাসদের সভাপতি চন্দন চক্রবর্তির সভাপতিত্বে সমাবেশে বক্তব্য রাখেন কেন্দ্রীয় জাসদের উপদেষ্টা পরিষদের সদস্য আলহাজ মনোয়ার হোসেন, জেলা জাসদের সাধারণ সম্পাদক শামীম আখতার বাবু, সহ সভাপতি এ্যড. আসাদুজ্জামান আব্দুল জলিল মিয়া, যুগ্ম সাধারণ সম্পাদক আব্দুল আজিজ খান, সাংগঠনিক সম্পাদক মনিরুজ্জামান মানিক, দপ্তর সম্পাদক শাহানুর আলম, কোষাধ্যক্ষ মনিরুজ্জামান উজ্জল, যুবজোট নেতা আশানুর রহমান, কেন্দ্রীয় ছাত্রলীগের সহ সম্পাদক বিদুৎ হোসেনসহ জেলা ও উ জেলার নেতৃবৃন্দ।

বক্তারা জঙ্গিবাদী তালেবানী রাজনীতি বন্ধ, মুক্তিযুদ্ধের চেতনায় জাতীয় পুনর্জাগরণ সংঘটিত, দুর্নীতিমুক্ত দলবাজী, গুন্ডাতন্ত্রের বিরুদ্ধে সুসাশন কায়েম, শোষন-বঞ্চনা বৈষম্যের অবসান করে সমাজতন্ত্রের পথে দেশকে এগিয়ে নেওয়ার আহবান জানান।